

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮.

তারিখঃ ০৫/০২/২০১৯ খ্রি:।

**বিষয়ঃ অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৮-১৯ এর আওতায় অতিরিক্ত ১.০০ (এক লাখ) মেট্রিক টন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অনুমোদন।**

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-০২, তারিখঃ ০৪/০২/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৮-২০১৯ এর আওতায় অতিরিক্ত ১,০০,০০০ (এক লাখ) মে:টন সিদ্ধ চাল ক্রয়ের উপজেলাওয়ারী বিভাজন নিম্নরূপ শর্তে অনুমোদন প্রদান করেছেঃ

“অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৮-২০১৯ এর আওতায় লক্ষ্যমাত্রা ৬,০০,০০০ (ছয় লাখ) মেট্রিক টনের অতিরিক্ত বরাদ্দ ১ লাখ মে:টন সিদ্ধ চাল বিভাজন হবে। তবে শেরপুর জেলার নকলা ও নালিতাবাড়ি উপজেলায় ইতোপূর্বে প্রদত্ত ২,০০০ (দুই হাজার) মে:টন অতিরিক্ত বরাদ্দ বর্তমান প্রাপ্যতা থেকে সমন্বয় করতে হবে। এ জন্য কোন অতিরিক্ত বরাদ্দ দেওয়া যাবে না।”

এক্ষণে ৬.০০ (ছয়) লাখ মে:টন সিদ্ধ চালের অতিরিক্ত ১,০০,০০০ (এক লাখ) মে:টন সিদ্ধ চালের উপজেলাওয়ারী বিভাজন উপরোক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। তবে এ অতিরিক্ত ১,০০,০০০ (এক লাখ) মে:টন সিদ্ধ চালের বিভাজন কোন ক্রমেই জেলা/উপজেলা সমূহের বন্ধ/অচল মিলের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না। এছাড়া চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ মৌসুমে ইতোপূর্বে দেয় সংগ্রহ বিভাগের ২৯/১১/২০১৮ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮.২১২৯(৭) নং স্মারকে এবং ২৪/১২/২০১৮ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮.২২০৬(৭) নং স্মারকে প্রদত্ত আদেশ/নির্দেশনাসমূহ বলবৎ থাকবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ চাল সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ..... ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল

শ্রী,  
(জুলফিকার রহমান)  
পরিচালক  
সংগ্রহ বিভাগ

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮. ২৬৫/৭(৩৩)

তারিখঃ ০৫/০২/২০১৯ খ্রি:।

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিডিবিএল/রুপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। (২৬/১৫/১৯)

শ্রী,  
(জুলফিকার রহমান)  
পরিচালক,  
সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।